Pratidhwani the Echo
A Peer-Reviewed International Journal of Humanities & Social Science
ISSN: 2278-5264 (Online) 2321-9319 (Print)
***Impact Factor: 6.28** (Index Copernicus International)*
Volume-VII, Issue-II, October 2018, Page No. 01-16
Published by Dept. of Bengali, Karimganj College, Karimganj, Assam, India
Website: http://www.thecho.in

পূর্বভাগীরথী অঞ্চলের সাঁওতাল জনজাতির কথ্যভাষায় ঔপভাষিক মিশ্রণের ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য : একটি আলোচনা

স্বদেশ রঞ্জন চৌধুরী
কলকাতা, ভারত

পশ্চিম বাঙলায় মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলায় এবং উত্তরবঙ্গের জনসংখ্যায় এক বিরাট অংশই আদিবাসী। এরা সুদীর্ঘকাল ধরেই স্থানীয় বাসিন্দা। বাংলাভাষী জনগোষ্ঠীর মতই এদেরও নিজস্ব উপভাষা এবং তার উচ্চারণ- বৈশিষ্ট্য রয়েছে। কয়েক হাজার বঝর ইন্দোইরানীয় ভাষার বিবর্তন সম্ভূত সংস্কৃত-জাত বাঙলা ভাষার প্রভাবে থেকেও এদের গোষ্ঠীভাষা তার স্বাতন্ত্র্য হারায় নি। বরঞ্চ বর্তমানে এই স্বতন্ত্র্য আরও বেশি প্রকট হ'তে চাইছে নানান্ ধ্বনির মধ্য দিয়ে। এই আদিবাসী গোষ্ঠীগুলির মধ্য দিয়ে। এই আদিবাসী গোষ্ঠীগুলির মধ্য সাঁওতাল, মুন্ডা, ওরাঁও, পাহাড়িয়াগনই এ রাজ্যে প্রধান। এরা শুধু রাজ্যের কোন নির্দিষ্ট এলাকারই যে বাসিন্দা তা নয়। কাজের প্রয়োজনে পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতেই এদের দেখা পাওয়া যায়। কোথাও এরা স্থায়ী বাসিন্দা হয়ে পাকাপাকি উপনিবেশ গড়ে তুলেছে। কোথাও পরিয়ায়ী চরিত্রের। কাজের বিশেষ মরশুমে অস্থায়ী বাসিন্দা। ফলে দেখা যায় যে, এদের কথাবার্তায়, শব্দ প্রয়োগে নির্দিষ্ট এলাকার ঔপভাষিক প্রভাব সুস্পষ্ট না হলেও অভিনিবেশ সহকারে লক্ষ্য করলে অনূধারন করা যায়।

পূর্ব ভাগীরথী অঞ্চলের মূর্শিদাবাদ, নদীয়া, ইত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনায়ও এইসব উপজাতি গোষ্ঠীর দেখা পাওয়া যায়। এই উপজাতি অধ্যুষিত জনজাতির ভষিক প্রবণতা; বয়স, প্রজন্ম, শিক্ষা, পেশার ইত্যাদির দিক থেকে ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য বিশ্লেষণে; বিভিন্ন বয়ঃক্রমিক নিরক্ষর এবং সাক্ষর বাচক গোষ্ঠীদের উচ্চারিত শব্দগুলিতে যে পরিবর্তন সাধিত হয়েছে তার ধ্বনিতাত্তবিক কারণ সমূহ দেখাতে চেষ্টা করা হয়েছে। উচ্চারিত শব্দগুলির ধ্বনিতাত্ত্বিক বিচার বিশ্লেষণে অন্য একটি আকর্ষনীয় সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব। আমরা দেখতে পাই যে সাক্ষর-নিরক্ষর, অচল বা সচল যে কোন শ্রেণিভূক্ত হোন না কেন। বেশি বয়সের বাচক গোষ্ঠীরা সামাজিক রীতিনীতির মতই উচ্চারণের ক্ষেত্রেও অতীতকে আকড়ে রাখতে চাইছেন। অল্পবয়স্ক যারা তারও শ্রেণি নির্বিশেষে উচ্চারণের ক্ষেত্রে মোটামুটি মধ্যপন্থী। অর্থাৎ তারা প্রাচীন অভ্যাস কিছুটা বজায় রাখলেও রাঢ়ী প্রভাবে উচ্চারণের নতুন রূপকে মেনে নিতে ততটা অসম্মত নন। আর চল্লিশের নিম্ন বয়স্করা অর্থাৎ অপেক্ষাকৃত নতুন যারা তারা অনেক সহজেই প্রাচীন অভ্যাস বর্জন করে রাঢ়ী শব্দের নতুন রূপকে স্বছন্দে মেনে নিতে রাজী। অর্থাৎ অবাঙলাভাষী বাচক গোষ্ঠীদের উচ্চারিত শব্দের ধ্বনিতাত্ত্বিক বিবর্তনটি বয়ঃক্রমিক হয়ে উঠেছে। অর্থাৎ এই বিবর্তন স্পষ্টভাবে দেখতে গেলে বয়ঃক্রমিক নিরক্ষর, সাক্ষর, অচল ও সচল দিক থেকে বিচার করলেই আমরা প্রকৃত সত্যের সম্মুক্ষীন হতে পারব। ভাষিক প্রবণতার পার্থক্য নিরূপনে বাচক গোষ্ঠীর কথ্যভাষার সম্পর্কে আলোচনা করতে হবে। যাঁরা এলাকার বাইরে যাতায়াত করেন তাঁদের সচল বলে উল্লেখ করা হল। প্রতি ক্ষেত্রেই বয়স অনুযায়ী অবাংলাভাষী বাচক গোষ্ঠীদের বারটি ভাগে ভাগ করা হয়েছে। এক ষাটের ঊর্ধ্বে নিরক্ষর অচল- 'অ', দুই- ষাটের ঊর্ধ্বে নিরক্ষর সচল- 'স', তিন ষাটের ঊর্ধ্বে সাক্ষর অচল- 'অ', চার ষাটের ঊর্ধ্বে সাক্ষর সচল- 'স', পাঁচ চল্লিশের ঊর্ধ্বে নিরক্ষর অচল- 'অ',

ছয়- চল্লিশের ঊর্ধ্বে নিরক্ষর সচল- 'স', সাত চল্লিশের ঊর্ধ্বে সাক্ষর অচল 'অ', আট চল্লিশের ঊর্ধ্বে সাক্ষর সচল 'স', নয় চল্লিশের অনূধর্ব নিরক্ষর অচল 'অ', দশ- চল্লিশের অনূধর্ব নিরক্ষর সচল 'স', এগার-চল্লিশের অনূধর্ব সাক্ষর অচল 'অ', বার- চল্লিশের অনূধর্ব সচল- 'স'।

প্রথম শ্রেণির ক্ষেত্রে অর্থাৎ অ^{১}, স^{১}, অ^{২}, স^{২}, অ^{৩}, স^{৩}, অ^{৪}, স^{৪} বাচক গোষ্ঠীর উচ্চারণ মোটামুটি একই ধরণের থেকে গেছে। কিন্তু চল্লিশ অনূধর্ব শেষ চারটি শ্রেনি অ^{৫}, স^{৫}, অ^{৬} স^{৬}-এর বাচক গোষ্ঠীরা বাস্তব প্রয়োজনের পরিপ্রেক্ষিতে আকস্মিকভাবে রাঢ়ী উচ্চারণকেই নিজস্ব উচ্চারণ রূপে প্রকাশ করেছে। তাই প্রথম আটটি শ্রেণির ক্ষেত্রে একই উচ্চারণকে আটবার উল্লেখ না করে এক বার মাত্র উল্লেখ করা হয়েছে। পরবর্তী চারটি শ্রেণির ক্ষেত্রে তাঁরা কি ভাবে রাঢ়ী উচ্চারণকে অনুসরন করেছে সেটাই দেখানো হয়েছে। অ^{১}, স^{১}, অ^{২}, স^{২}, অ^{৩}, স^{৩}, অ^{৪} এবং স৪ বাচক গোষ্ঠীর মৌখিক আঞ্চলিক উচ্চারণের ভিত্তিতে বিভিন্ন পদের নমুনা দেখানো হয়েছে।

অ^{১} এবং স^{১} বাচক গোষ্ঠীর ব্যাবহৃত শব্দের ধ্বনি পরিবর্তন খুবই সামান্য। যে ধ্বনি পরিবর্তন দেখাচ্ছি তা শুধু অ^{১} এবং স^{১} ভেদের জন্য। 'এমান'-তে অ^{১} শ্বাসঘাত দিচ্ছে 'ম'-এ, কিন্তু স^{১}-এ কোনো শ্বাসাঘাত নেই। আবার 'এমলে, এমগা, এমাঞমে, এমঅমে, কএম্, এমকআ, এমতানা, এম্হালা, এম্ঠেন, তেকেম, এনাম,' শব্দগুলির উচ্চারণ অপরিবর্তিত আছে।

অ^{১} সদস্যদের মুখের কথা 'অগুকেদাম, অপেদো, লাগাঅকানা, নতেবন, অনমান, অরাপরি, অরবারা, কাঅরা, গতম, জজম, গঅরা, অকতেম, তারঅআরে, ম্যারম,' প্রভৃতি শব্দগুচ্ছে আদি, মধ্য ও অন্ত্যে অ, য-ফলা, আ, ও, উ-যুক্ত ব্যঞ্জনের পূর্ববর্তী শব্দাদা কণ্ঠ্য অ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি হয়ে স^{১}-এর বুলি হচ্ছে 'ওগুকেদাম, ওপেদো, লাগাওকানা, নোতোবোন, ওন্মানো, ওরাপারি, ওরবারা, কাওরা, গতোম, জজমো, গওরা, ওক্তেমো, তারোওআরে, ম্যারোম' যানাকি রাঢ়ীয় প্রভাবকে চিহ্নিত করছে। আবার অ^{১}- সদস্যদের 'ওড়াবে, ওড়চালা, কোম্কানা, লাগাওআকানা, ফারাকো, চালাও, তিরিও, আর্জাও অ্যাড়াও, কিচিওও, ঘ্যাওরা, গারজাও' শব্দগুচ্ছে পদাদি, পদমধ্যস্থ ও পদান্ত্যে ও-স্বরধ্বনি সরে গিয়ে কণ্ঠ্য অ-শ্বরধ্বনিকে জায়গা করে দিয়ে স^{১}-এ বোলছে 'অড়ারে, অড়চালা, কমকানা, লাগাঅআকানা, ফারাক, চালাঅ, তিরিঅ, আরজাঅ, অ্যাড়্যাঅ, কিচুঅঔ'। অ^{১}-বাচকগোষ্ঠীর 'ওনা, ওনাতেসে, আইও, ওকাদিন, ওকাতেম, জোমকানা, আমওকোঅ, চাওলে, ওকো, খলাও, গাবাও' প্রভৃতি শব্দাবলীতে আদি, মধ্য ও অন্ত্যে কণ্ঠৌষ্ঠ ও স্বরধ্বনিকে স্থানচ্যুত করে ওষ্ঠ্য উ- স্বরধ্বনি এসে জায়গা করে নিয়ে স^{১}- এ হয়ে উঠছে 'উনা, উনাতেসে, আইউ, উকাদিন, উকাতেম, জুমকানা, আম্উকোঅ, চাউলে, উকো, খলাউ, গাবাউ'। অ^{১}-সদস্যদের; উনকিন, উনিত্র, মুদাম, বুলকানা, লুগড়ি, আউরি, ইউরুঃক, উনকুদো, লিমাউ, উনঘারি, গউইচ্, উসুল, লুমাউ' শব্দেতে শব্দাদ্যে, শব্দমধ্যে ও পদান্ত্যে ওষ্ঠ্য উ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও স্বরধ্বনিকে স্থান করে দিচ্ছে স^{১}-এ 'ওনকিন, ওনিত্র, মোদাম্, বোলকানা, লোগড়ি, আওরি, ইতওরুঃকষ ওতোম, ওনকোদো, লোমাও, ওনঘারি, গাওইচ্, ওসোল্, লোমাউ'। অ^{১}-সদস্যদের মুখে 'দুকানাইং বাংকামি, সেংগেল, বাংঝছাদওড়া, এংতেহেং, গোংহা, আডিইং, গংকে, মাঅআং, আকাইদাং, অরসং, গারাংদাঃ, গ্যারাং'- শব্দাগুলিতে অঘোষোমহাপ্রান অনুনীসিক আযোগবাহং- ব্যাঞ্জনধ্বনি উচ্চারণে মহাপ্রানতা হারিয়ে ঘোষ ওষ্ঠ্য নাসিক্য ম-ব্যঞ্জনে স^{১} বোলতে সুনছি 'দুকানাইম, বামকানি, সেমগেল, বামছাদওড়া, গোমহা, আডিইম, গমকে, মাঅআম, আকাইদাম, অরসম, গারামদাঃ, গ্যারাম্'। অ^{১}-এর 'ইংআঃ, মিতটাংগ, তেঁহেংদা, অটাং, আতাং, উঠুলাঃজাং, ছয়লাং, গাংনাই, খারাও, কুমৌং- শব্দেতে অঘোষ মহাপ্রান অনুনাসিক অযোগবাহং ব্যঞ্জনধ্বনি স্বাভাবিকভাবেই নাসিকা ন-ব্যঞ্জনে বোলতে সুনছি স^{১}-এ 'ইন্আঃ, মিতটান্, তেঁহেন্দ, অটান, আতান, উঠলাঃজান, ছঅলান্, গাননৌই, খারান্, কমৌন'। অ^{১}-এর 'লেনডেং, বিৎকিল, ভিতরিত্র, লাবিইং, অকাস্যাৎ, কিচ্রি জাপিৎ, ক্যালহাৎ, এ্যসাত, ওকোৎ'-প্রভৃতি শব্দেতে পদমধ্য ও পদান্তে মহাপ্রান-ৎ-ব্যঞ্জনধ্বনির শ্বাসাঘাত হেতু ক্রমশ লুপ্ত হয়ে মহাপ্রানতা হারিয়ে অঘোষ দন্ত্য-স্পর্শত-ব্যঞ্জনধ্বনি হয়ে উঠেছে স^{১}-এর মুখে 'লেনডেত, বিতকিল্, ভিতরিত্র, লাবিইত্, অকাস্যাত,

কিচ্‌রিত্‌, জপিত, ক্যালহাত, এ্‌যসাত, ওকোত্‌'। অ^{১} বাচকগোষ্ঠীর মুখের বুলি- 'সাসাংআঃ, উনজোঘাংগে, আঃরাপ, মেনাঃআঃ, পেরাঃওরাঃ, দাকাঃ, অনাটাঃ, অলঃপাড়ুহাও, আরাঃ, এ্‌যটাগাঃ, ক্যাচাঃ' শব্দগুচ্ছে বিসর্গ (:) অঘোষ ধ্বনি হয়ে স^{১}-এর বুলি হয়ে উঠেছে- 'সাসাংআ, উনযোখাগে, আরাপ, মেনাআ, পেরাওরা দাকা, অনাটা, অলপাড়হাও, আরা, এ্‌যাটাগো, ক্যাচা'। অ^{১}-সদস্যদের মুখের কথায়- 'কিচ্‌রিঘেট, দাতরোম, হডেচালাআই, লেগাঅমেসে, ওলমে, কূঁরিহোপন, অঁজরা, আঁডরাও, আঁদ্‌মাদাও, জাঁওআঅ' প্রভৃতি শব্দগুচ্ছে ঘোষবৎ অল্পপ্রাণ অনুনাসিক ঁ-ব্যঞ্জনধ্বনি লোপ পেয়ে যাছে স^{১}-এর কথায়- 'কিচরিঘেট, দাতরোম, হডেচালাআই, লেগাঅমেসে, ওলমে, কুরিহাপন, অজরা, আডরাও, আদমাদাও, জাওআঅ'। অ^{১}-সদস্যদের মুখে 'ফোঙকাহার, জাঙগাতে, গালাঙ, জাঙ, কিরঙকটভ, চামাঙ' শব্দগুচ্ছে পুরক ঙ-ব্যঞ্জনধ্বনি বিনাসিক্যীভবন প্রক্রিয়ায় নাসিকা ঙ-ব্যঞ্জন লোপ পেয়ে স^{১}- ন-ব্যঞ্জনধ্বনিরই অবস্থা ভেদমাত্র বুলি হল গিয়ে- 'ফোনকাহার, আনাগাতে, গালান, জান, কিরনকটভ, চ্যামান'। অ^{১}-বাচকগোষ্ঠীর 'টানডিতেঙ, তেহেঙ, আকাদিঙ, সেপেঙ, মিদুঙ, খনচঙ, তেলাঙ, আতাঙ, সাঙগিঞরে, তিঙগুনপে, সিঙগে, তেঙগোন, বিনলাঙগাতে' শব্দাবলীতে কণ্ঠ্যনাসিক্য ঙ-ব্যঞ্জনধ্বনি সঘোষ ওষ্ঠ্য অনুনাসিক ম-ব্যঞ্জনে পরিণত হয়ে স^{১}-এর কথিত বুলি হচ্ছে- 'টানজিতম্‌ তেহেম, আকাদিম্‌, সেলেম্‌, মিদুম, খনচম, তেলাম, আতাম, সাম্‌গিঞরে, তিম্‌গুনপে, সিম্‌গে, তেম্‌গোন, বিনলামগাতে'। অ^{১}-সদস্যের কথায়- 'আপুঞ, গরমআপুঞ, চাদোবোঞ, বিনাঞরে, তেঁহেঞদ, এবেলিঞ, সেরেভঞ, আকরিঞ, আলিঞ, জেলেঞ, জমঞু' প্রভৃতি শব্দগুচ্ছ নাসিক্য মহাপ্রান ঞ-ব্যঞ্জনধ্বনির মহাপ্রানতা লুপ্ত হয়ে যাচ্ছে আনুনাসিক ম-ব্যঞ্জনধ্বনিতে আর স^{১}-এর বুলি হয়ে উঠেছে- 'আপুম্‌, হরম্‌আপুম, চাদোবোম্‌ বিনাম্‌রে, তেঁহেমদ, এবেলিম, সেরেভম্‌ আকারিম্‌ আলিম্‌ জেলেম্‌, জমমু'। অ^{১}-বাচকগোষ্ঠীর মুখে- 'ইঞা, বেঞজা, গনঞতে, সাঞগিঞরে, তেহেঞসি, অহকেআঞ, আজিঞ, চ্যাপ্যাঞ, বিতিবিঞ, ইঞিচ্‌, উঞ, কঞকঞ' প্রভৃতি শব্দগুচ্ছে তালব্য নাসিক্য ঞ-ব্যঞ্জনধ্বনি নাসিক্য দন্ত্য ন-ব্যঞ্জনে স^{১}-এর বুলি হচ্ছে গিয়ে- 'ইনা, বেনজা, গন্‌নতে, সান্‌গিন্‌রে, তেহেনসি, অহকেআন্‌, আজিন, চ্যাপ্যান, বিতিবিন, ইনচ্‌, উন, কনকন'। অ^{১}-এর 'জনড়াঃ, বানদেন, নিম্‌মানডি, এনডেখান্‌, মেনখান, কিসানবনা, চিপিন হৌও, ঘান্‌টি, সাহান, পানখা, পানাহি' কথিত শব্দগুচ্ছে নাসিক্যধ্বনি উঠে গিয়ে পূর্ববর্তী স্বরধ্বনিকে অনুনাসিক করছে স^{১}-এ 'জঁড়া, বাঁদেন, নিমমাঁড়ি, এঁডেখান, মেন্‌খাঁ, কিসাঁবনা, চিপিঁ, হৌও, ঘাঁটি, সাঁহা, পাঁখা, পাঁহি'। অ^{১}-বাচকগোষ্ঠীর মুখে জোরককনা, তুতুরওকারে, মাহেদেরার, সুসুরবান, কসকস, কিকির, চাকারচোকর, চিকিচ, ছিতিরবিতির, জরুলজুরুল, গুরগু' শব্দগুলির সমধ্বনির একটি লোপ পেয়ে বিষমীভূত হচ্ছে স^{১}-এ 'জোরচ্‌কানা, তুদুরওকারে, মাহেদেতার, সুলুরবান, কসমস, কিচির, চাকারকোকর, কিগিচ্‌, ছিতিরবিদির, জুরুনজুরুল, কুরগু'। অ^{১}-এর মুখের কথায়- 'হোরওআ, হেজাকানা, আজার, হোরম, কোরাহোপেন, হানহার, মালহান, হাতহি, হোহো, অহচ, এহ্যার' প্রভৃতি শব্দগুচ্ছে শ্বাসাঘাতহেতু কণ্ঠ্যনালীয় উষ্ণঘোষবৎ হ-ব্যঞ্জনধ্বনি পদাদি, পদমধ্যে ও পদান্তে দুর্বল আর লুপ্ত প্রায় সেকারন স^{১}-এ বোলতে শুনি- 'ওরওআ, এজাকানা, আজারওরস, কোরাওপেন, আন্‌আর, মালআন, আতই, ওও, অঅচ্‌ এআর'। অ^{১}-এর কথায় 'আনডে, আকাদা, পৌরাআ, আমাবেন, আকাওনা, আটুপাটু, আডি, আটকর, অজনীর' প্রভৃতি শব্দেতে প্রায়ই কণ্ঠ্যনালিয় স্পর্শ অ-স্বরধ্বনি কণ্ঠ্যনালিয় উষ্ম ঘোষবৎ মহাপ্রাণ ধ্বনির প্রাণ হ-কার ধ্বনির স্থান করে দিয়ে স^{১}-এ বোলছে 'হানডে, হাকাদা, পৌরোহা, হামাবেন, হাকাওনা, হাটুপাটু, হাডি, হাটকর, হাজনার' অ^{১}-বাচকগোষ্ঠীর মুখের- 'চেতানের, নোআরিআ, নানহা, লেনা, জন্‌ড়া, জানুম্‌' শব্দগুচ্ছগুলিতে 'ল' ও 'ন'-এর ক্বচিৎ বিপর্যয় শুনতে পাই স^{১}-ও হয়ে যায় 'চেতালরে, লোআরিআ, নালহা, লেলা, জল্‌ড়া, জালুম'। অ^{১}-এর মুখের ভষায় 'লালটেন, আলগাওআ, উরমাল, লানদা, দালআ, লানদাইদা, এসাল, কুলহু, গুজালি' ইত্যাদি শব্দেতে অল্পপ্রাণ ঘোষবৎ দন্ত্য অন্তঃস্থ ল-ব্যঞ্জনধ্বনি, নাসিক্য মহাপ্রাণ ন-ব্যঞ্জনধ্বনিতে এসে স^{১}-এ বোলতে চাইছে- 'লানটেন্‌, আনগাওআ, উর্‌মান্‌, নানদা, দানআ, নানদাইদা, এসান, কুনহু, গুজানি'। অ^{১}-এর 'ককঅ, ককর, আকদা, আকরা, পারকম, আবোআক্‌, হোবকো, তিনাক, রুআক' ইত্যাদি শব্দে জিহ্বামূলীয় অল্পপ্রাণ অঘোষ ক-ব্যঞ্জনধ্বনি শব্দাদো, পদমধ্যে ও পদান্তে ঘোষীভবন হয়ে ঠেলে দিয়ে দিচ্ছে অল্পপ্রাণ ঘোষ গ-

ব্যঞ্জনধ্বনি তাতে স১-বোলছে 'কগঅ, গকর, আগদা, আগরা, পারগম, আবোআগ্, হোবগো, তিনাগ্, রুআগ্'। অ১-সদস্যের মুখে- 'রাপাগ, গোদাআই, গুরিংগ-গিডি, গালমারাও, হাসগিডি, এগেরা, গাতেকমে, গোবোরাকোম, বোগে' প্রভৃতি শব্দগুচ্ছে সঘোষ কণ্ঠ্য অল্পপ্রাণ গ-স্পর্শ ব্যঞ্জনধ্বনি অঘোষ কণ্ঠ্য অল্পপ্রাণ ক-স্পর্শ ব্যঞ্জনধ্বনিতে এসে স১-এ উচ্চারিত হচ্ছে 'রাপাক্, কোদাআই কুরিংকিডি, কালমারাও, হাসকিডি, একেরা, কাতেকমে, কোবারাকোম বোকে'। অ১-এর মুখে 'লসৎ, মেএত্, ঝত্, জোতে, তিনকাতে, চেতানরে, আত্রে, এ্যাত্কা, কাঁত' প্রভৃতি শব্দগুচ্ছে পদাদি, পদমধ্য ও পদান্তে ঘোষিভবন প্রক্রিয়ায় ত-ব্যঞ্জনধ্বনির দ-ব্যঞ্জনধ্বনিতে রূপান্তরিত হয়ে স১-এ বোলছে- 'লসদ্, মোএদ্, ঝদ, জোদে, দিনকাতে, চেদান্রে, আদরে, এ্যাদকা, কাঁদ'। অ১-এর- 'দিসম্, দারেআ, দাউলে, গিদরাজপিট্, আকাদাঅ্, উদ্মৌ, এ্যাদাল, কাদ্রাও, কুঁদ্রি' শব্দগুচ্ছে পদাদি ও পদমধ্যস্থিত অল্পপ্রাণ দন্ত্য দ-ব্যঞ্জনধ্বনি অঘোষবৎ হয়ে অল্পপ্রাণ অঘোষ ত-ব্যঞ্জনধ্বনিতে পরিণত হয়ে স১-বোলছে- "তিসম, তারেআ, তাউলে, গিতরাজপিট্, আকাতাঅ্, লেতাঅ্, উত্মৌ, এ্যাতাল, কাতরাও, কুতরি'। অ১-সদস্যদের মুখের বুলি 'জৌপিট্, পোনগোটা, নোআট্, জৌপিটকানা, আনাট, আনটাও, কাট্কম, কালট, ছুটকি' শব্দগুচ্ছে অঘোষ অল্পপ্রাণ স্পৃষ্ট মূর্ধন্য ট-ব্যঞ্জনধ্বনি অল্পপ্রাণ অঘোষ দন্ত্য ত-ব্যঞ্জনধ্বনিতে এসে স১-এ বোলছে "জৌপিত্, পোনগোতা, নোআত্, জৌপিত্, কানা, আনাত্, আনতাও, কাত্ কম, কালত, ছুতকি'। অ১-দের মুখের ভাষায়- 'গিতিল্, পোত্ আম্, আডিউতার, তাঅ্মতে, আটেত তগর, গেতু, এ্যাতম, চাতম্'। প্রকৃতি শব্দগুচ্ছে অল্পপ্রাণ অঘোষ দন্ত্য স্পর্শ ত-ব্যঞ্জনধ্বনি, স্বতোমূর্ধন্যীভবনের ফলে অল্পপ্রাণ অঘোষ মূর্ধন্যীভবনের ফলে অল্পপ্রাণ মূর্ধন্য স্পর্শ ট-ব্যঞ্জনধ্বনিতে এসে স১-এ বোলছে- 'গিটিল্, পোট্আম্, আডিউটার, টাঅ্মতে, আটেত টগর, গেটু, এ্যাটম, চাটম্'। অ১-সদস্যের বুলিতে- 'গিড়িয়া, হানডি, কোড়া, কুডবুর, খ্যাঁলড, ছামড়া, ছডৌর, চুঁডুচ, চিডির'- প্রভৃতি শব্দগুচ্ছে আদস্বরে শ্বাসাঘাতের কারণে ঘোষবৎ মূর্ধন্য ড-ব্যঞ্জনধ্বনি অঘোষীভবন প্রক্রিকায় অল্পপ্রাণ অঘোষ মূর্ধন্য ট-ব্যঞ্জনধ্বনি পরিবর্তন হচ্ছে স১-এ 'গিটিয়া, হানটি, কোটা, কুটবুর, খ্যাঁলট, ছামটা, ছটৌর, চুঁটচ, চিটির'। অ১-সদস্যের মুখের 'লোট্, আটেন্, লাটা, আটাল, কট্কট্, গুটিমারিচ্, ঘলটাও, ছাটকা, জুটিচ্' প্রভৃতি শব্দেতে অঘোষ মূর্ধন্য স্পর্শ ট-ব্যঞ্জনধ্বনিতে এসে স১-এর বুলি হল গিয়ে 'লোড্, আডেন্, লাডা, আডাল, কড্কড্, গুডিমারিচ্, ঘলডাও, ছাডকা, জুডিচ্'। অ১-এর বুলিতে- 'বাপ্লা, ঘেপ্রিয়া, আকাপ, আরূপ, এ্যাতহপ্, এ্যাপাম, গাতপ, ঘাপ্রা চুপুৎ' প্রভৃতি শব্দগুচ্ছে অল্পপ্রাণ ওষ্ঠাপ-ব্যঞ্জনধ্বনি ঘোষবৎ হয়ে অল্পপ্রাণ দন্তোষ্ঠ্য অনতঃস্থ ব-ব্যঞ্জন ধ্বনিতে এসে স১-এর বুলি হচ্ছে গিয়ে 'বাব্লা, ঘেব্রিয়া, আকাব, আরূব, এ্যাতহব্, এ্যাবাম, গাতব, ঘাব্রা চুবুৎ'। অ১-এর 'উব্, রাকাব্, আব্, জাঁব্ডোবিঞ, কবাঃ, চাবা, বকবকাও, রাবাং, ছেবেল, পাড়ুইদাব' প্রভৃতি শব্দগুচ্ছে পদমধ্যও অন্তো অল্পপ্রাণ দন্তোষ্ঠ্য অন্তঃস্থ ব-ব্যঞ্জনধ্বনি অঘোষীভূত হয়ে অল্পপ্রাণ ওষ্ঠ্য প-ব্যঞ্জনধ্বনিতে উচ্চারিত হচ্ছে স১-এ 'উপ্, রাকাপ্, আপ্, জাঁপডোবিঞ, কপাঃ, চাপা, পকপকাও, রাপা, ছেপেল, পাড়ুইদাপ'। অ১-এর মুখে 'মারান, রেআ, রাংগা, রানডি, রাবোন, রচকার, আভারান, সাদমঘুরা, তারম, বাহারান' প্রভৃতি শব্দগুচ্ছে অর্ধব্যঞ্জনধ্বনিগুলির পারস্পরিক পরিবর্তন ঘটতে দেখেছি স১-এর মুখে 'মালান, লেআ, লাংগা, লানডি, লাবোন, লচ্কার, আভলান, সাদমঘুলা, তালম, বাহালান'। অ১ সদস্যদের বুলি- 'কোচাআরা, মোচা, বারিচ্, চালাআই, চালাআ, চেৎ, চির, বিচ্রিতে, বাচ্চোটাক, চড়বড়' প্রভৃতি শব্দগুচ্ছে পদাদি, পদমধ্যস্থ ও পদান্তে অঘোষ তালব্যস্পর্শ চ-ব্যঞ্জনধ্বনি অনেক সময় মৃদু শিসধ্বনি স-তে এসে স১-এর বুলি হয়ে গেল 'কোসাআরা, মোসা, বারিস্, সালাআই, সালাআ, সেৎ, সির, বিস্রিতে, বাস্সোটাক, সড়সড়'। অ১-বাচকগোষ্ঠীর মুখের কথা 'লছদ, ছামড়া, ছাঁট, ছিলকাউ, ছুচা, ছুলার, ছুটাউ, ছুনডি, ছেবেল্' প্রভৃতি শব্দগুচ্ছে অঘোষ জালব্য মহাপ্রাণ ঘৃষ্ট ছ-ব্যঞ্জনধ্বনির মহাপ্রাণতা হারিয়ে স১-এর মুখের বুলি হয়ে উঠছে 'লচদ, চামড়া, চাঁট, চিলকাউ, চুচা, চুলার, চুটাউ, চুনডি, চেবেল্'। অ১-সদস্যদের মুখের কথায় 'ইমাইমে, ইঞাকানা, তাসিইমে, গোহোইআই, ইঙ, তিনাক্, হিলী, হানাডি, ইতিচ্, ইতিল, ইদি, গিদি' প্রভৃতি শব্দেতে পদাদি, পদমধ্যস্থ ও পদান্তে তালব্য ই-স্বরধ্বনি কণ্ঠতালব্য এ-স্বরধ্বনিকে বসিয়ে স১-এর মুখে মুখে উচ্চারিত হচ্ছে 'এমাএমে, এঞাকানা, তাসিএমে, গোহোএআএ, এঙ, তেনাক্, হেলী, হানাডে, এতিচ্, এতিল, এদি,

গেদি'। অ^{১}-সদস্যদের মুখের ভাষায় 'এমোআম, এরাকি, এরেক্আ, এংলা, আপেদা, আবেন, হাতাওমে, লেনগে, এনঘান' শব্দতে শব্দাদ্যে, শব্দমধ্যে ও অন্তো কণ্ঠতালব্য এ-স্বরধ্বনি তালব্য ই-স্বরধ্বনিকে জায়গা করে দিয়ে স^{১}-এর মুখের ভাষা হচ্ছে- 'ইমোআম, ইরাকি, ইরেক্আ, ইংলা, আপিদা, আবিন, হাতাওই, লেনগি, ইনঘান' প্রভৃতি শব্দগুচ্ছ। অ^{১}-সদস্যের মুখের কথায় 'এরা, গোএনা, এডি, এআম, এওএর, এনখান, এড়াও, এগ্যার, এঙ্গাআপা, এরওএলকোড়া' প্রভৃতি শব্দগুচ্ছে কণ্ঠতালব্য এ-স্বরধনি এ্যা-স্বরধ্বনি হয়ে উঠেছে স্বাভাবিকভাবেই স^{১}-এর মুখে 'এ্যারা, গোএ্যানা, এ্যাডি, এ্যাআম, এ্যাওএ্যার, এ্যানখান, এ্যাড়াও, এ্যাগার, এ্যাঙ্গাআপা, এ্যারওএ্যালকোড়া'। অ^{১}-সদস্যদের কথায়-'পাসিএ্যারা, এ্যাম্যা, বার‍্যাঅ্, এ্যাবেন, এ্যামৈ, অট্যাচ্, অনত্যা, ইনত্যা, এ্যাকালত্যা, এ্যানাচ্, জট্যাৎ, এ্যান্যাল, ত্যাএঞাং, কত্যাম্যাট্যা, এ্যাড়্যাকাথা' প্রভৃতি শব্দগুচ্ছ বিবৃত এ্যা-স্বরধ্বনি সংবৃত কণ্ঠ্যতাল্ব্য এ-স্বরধ্বনি হয়ে গিয়ে স^{১} বাচকগোষ্ঠীর মুখে মুখে উচ্চারিত ধ্বনি হয়ে উঠেছে (পদাদি, পদমধ্য ও পদান্ত্যে) 'পাসিএরা, এমা, বারেঅ্, এবেন এমই, অটেচ্, অন্তে, ইনতে, একালতে, এনাচ্, জটেৎ, এঞেনেল, তেএঞাং, কতেমেট্যা, এডেকাথা'। অ^{১}-বাচকগোষ্ঠীর কথা 'আগুকেদা, আনডিরা, আমদে, আকানা, আমাবেন, আচ্কা, আলগাতে, হিসকা' প্রভৃতি শব্দতে পদমধ্যস্থিত দুটি ধ্বনির স্থান পরিবর্তন করে বিপর্যাস ঘটিয়ে স^{১}-এর মুখের ভাষা হল 'আগুদেকা, আন্রিডা, আদমে, আনাকা, আমানেব, আক্চা, আগলাতে, হিকসা'। অ^{১}-এর মুখের বুলিতে, 'আকা, আচুর্, আজ, আডো, আর্ঘাআ, কাপি, আপুম্, আসিচ্, কাটা' প্রভৃতি শব্দেতে পদাদি, পদমধ্যে ও পদান্ত্যে কণ্ঠ্য আ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি হয়ে উঠছে স^{১}-এ 'ওকা, ওচুর্, ওজ, ওডো, ওর্ঘাআ, কোপি, ওপুম্, ওসিচ্, কোটা'। অ^{১}-এর 'হিজোককানা, কোকোরোরমা, অললাতাঅ্, কাক্ড়া, কিকঐও, কুক্লি, কেকরে ট্যাব্যাচ্, গ্যাচ্গুরিচ্' প্রভৃতি শব্দতে সন্নিকৃষ্ট সমযুগ্ম ব্যঞ্জনধ্বনির একটি লোপ পেয়ে স^{১}-এ সমাক্ষর লোপ হচ্ছে 'হিজোকনা, কোওর্মা, ললাতাঅ্, কাড়া, কিঐও, কুলি, কেরে, ট্যাব্যা, গ্যাওরিচ্'। অ^{১}-সদস্যদের মুখে 'পাউসাবনস্, ইর্উলিকুরি, সইকোল, মেরারইচ্, নইম' প্রভৃতি শব্দগুচ্ছে অপিনিহিত ই-কার এবং উ-কার পূর্ববর্তী স্বরধনির সঙ্গে মিলিত হয়ে একপ্রকার অভ্যন্তর সন্ধি ঘটিয়ে স^{১}-এর অভিশ্রুতি হচ্ছে 'পুসানস্, ইরুলিকুরি, সিকোল, মেরারিচ্, নিম'। অ^{১}-বাচকগোষ্ঠীর মুখে- 'অরং, অরক, ইপন, তেহে, আকান, জইক, রমচ্, অলক, গদ্ক, ধরতি, গিতিল, গেদাক্, জিলারে, আতোগ, ইমান, সনুম, চোরর' ইত্যাদি শব্দাবলীতেতে রাড়ী উপভাষায় ঔপভাষিক প্রয়োগের চাঞ্চল্য শোনা যায় স^{১} বাচকগোষ্ঠীর কথিত বুলিতে 'অরোং, অরোক্, ইপোন, তেহেঞে, আকানা, জহোক্, রমোচ্, অলোক, গদোক্, ধোর্তি, গিতিলি, গিদাক্, জিলেরে, এতেগ, ইমেন, সোনুম, চোর্রি'।

এখন আমরা ষাটের ঊর্ধ্বে সাঁওতাল উপজাতি বাচকগোষ্ঠীর সাক্ষর-সম্প্রদায়ের নিয়ে ঔপভাষিক মিশ্রণের আংকিক হিসেবে নির্ণয়ে সমীক্ষায় এগোলাম। এখানেও আমরা অচল ও সচল ভেদে ভাগ করে নাম দিলাম 'অ^{২}' এবং 'স^{২}'। যাঁরা প্রয়োজনে বা পেশাগত কারণে নিজের এলাকা ছেড়ে সংগৃহীত শব্দের মধ্যে পূর্ব রাড়ীর তেমন ঔপভাষিক প্রভাব চোখে পড়ছে না। যে ধ্বনি পরিবর্তন দেখাচ্ছি তা শুধু 'অ^{২}' এবং 'স^{২}' ভেদের জন্য। অবশ্য তেমন পূর্বরাড়ীর প্রভাব উল্লেখযোগ্য না হলেও তবে লক্ষণীয়। স্বাক্ষরিত জনেরা সবসময় শুদ্ধ ভাষারূপ প্রয়োগের একটা বিশেষ প্রবণতা দেখা যায়। এঁদের ভাষিক প্রতিক্রিয়া মোটামুটি শুরু বলা যেতে পারে। আমরা সত্তর-পঁচাত্তর জন করে নিয়ে সমীক্ষায় এগোলাম। এখানে ক-বিভাগের স্বাক্ষর বাচকগোষ্ঠীর অচল ও সচলদের যথাক্রমে 'অ^{২}' এবং 'স^{২}' রূপে নির্দিষ্ট করলাম।

অ^{২}-বাচকগোষ্ঠীর মুখের বুলি- 'অরমে, গমকে, অলবেলে, আরগম, লাতারক্, তারাসিঞ, লাসের, আজাঅ, অঝা, অনা, গঅ্রা, অপর' প্রভৃতি শব্দগুচ্ছের পদাদি, পদমধ্যস্থ ও অন্ত্যে কণ্ঠ্য-অ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনিতে এসে স^{২}-এর বুলি হচ্ছে- ওর্মে, গোম্কে, ওলবেলে, আর্গোম্, লাতার্কো তারাসিঞো, লাসেরো, লাজাও্, ওঝা, ওনা, গওরা, অপোর'। অ^{২}-সদস্যদের মুখের 'ওরাতিঞ, ওসার, ওড়াতে, ওকারে, ওলা, কোমকানা, ঘাওকানা, চালাওমে, ওপরোম,' শব্দগুচ্ছে শব্দাদ্যে, পদমধ্যে ও পদান্ত্যে কণ্ঠ্য অ-স্বরধ্বনি কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনিতে এসে স^{২}-এর বুলি হয়েছে 'অরাতিঞ, অসার, অড়াতে, অকারে, অলা, কমকানা, ঘাঅ্কানা, চালাঅ্মে অপরোম'। অ^{২}-এর

'উরু, উম্, গুরগু, বুরু, মুই, উনবে, পাউরা, আরু, উছৌউন, উঘে, উপুরুম' শব্দগুচ্ছে শব্দাদ্যে, পদমধ্যে ও অন্ত্যো কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি কণ্ঠ্য অ-স্বরধ্বনিতে এসে স^{২}-এর উচ্চারিত ধ্বনি হল গিয়ে 'ওরো, ওম্, গোরগো, বোরো, মোই, ওনবে, পাওরা, আরো, ওছৌওন, ওঘে, ওপ্রুম'। অ^{২}-এর 'দিসোম, তোডো, লাতারো, হোলৎতে, গাসাও, ওজো, কাসো, কোমরো, ছাড়াও' প্রভৃতি শব্দাবলীতে কণ্ঠৌষ্ঠ্য ও-স্বরধ্বনি ওষ্ঠ্য উ-স্বরধ্বনিতে এসে স^{২}-তে বোলছে 'দিসুম, তুডু, লাতারু, হুলৎতে, গাসাউ, উজু, কাসু, কুমরু, ছাড়াউ'। অ^{২}-এর 'এ্যানেচ, এ্যামাদা, এ্যামাই, এ্যাতম, এ্যারেকাথা, অনাত্যা, কট্যাচ, গ্যাম্যার' শব্দগুচ্ছে বিবৃত এ্যা-স্বরধ্বনি সংবৃত কণ্ঠতালব্য এ-স্বরধ্বনিকে স্থান করে দিচ্ছে স^{২}-তে 'এনেচ, এমাদা, এমাই, এতম, এরেকাথা, অনাতে, কটেচ্, গেমের'। অ^{২}-এর 'এস্কারো, এমোআ, এগেরা, রুএ, বেলে, দাড়ে, বেড়েল, কেদাইৎ, লাতাররে, চেতান্রে' শব্দগুচ্ছে এ-স্বরধ্বনি এ্যা-স্বরধ্বনিতে পরিণত হয়ে কখনও কখনও স^{২}-এর বুলি হয়েছে 'এ্যাসকারো, এ্যামোআ, এ্যাগেরা, রুএ্যা, বেল্যা, দাড়্যা, বেড়্যাল, ক্যাদাইৎ, লাতাররা্যা, চেতান্র্যা'। অ^{২}-এর 'ইনদিন্গি, তিরিল, ইসিন, ইনাদা, আগুইআম্, গোড়ইআই' শব্দগুচ্ছ আদি, মধ্য ও অন্ত্যে তালব্য ই-স্বরধ্বনি কণ্ঠ্য তালব্য এ-স্বরধ্বনিতে পরিবর্তিত হয়ে স^{২}-তে বোলছে 'এনদিনগে, তেরিল্, এসিন, এনাদা, আগুএআম্, গোড়এআই'। অ^{২}-এর 'এআম, এমোআ, এমা, এদা, এংগি, হেড়হেৎ, বেজাঁঅল্লোঠ' শব্দেতে এ-স্বরধ্বনি ই-স্বরধ্বনিতে এসে স^{২}-তে বোলছে 'ইআম্, ইমোআ, ইমা, ইদা, ইংগি, হেড়হিৎ, বিজাঁঅল্লো'। অ^{২}-এর 'বেঁজাঅ, বেঁড়াঅ্ বাঁইররা, দাঁরাইএ, পেঁসে, ইঁদি, সেঁদরা, অঁবাঃ, আঁগির, আঁজম, আঁড়ার' প্রভৃতি শব্দগুচ্ছে ঘোষবৎ অল্পপ্রাণ অনুনাসিক ব্যঞ্জন স্বভাবিকভাবেই লোপ পেয়ে যাচ্ছে স^{২}-এর মুখে 'বেজাঅ্, বেড়াঅ্, বাইররা, দারাইএ, পেসে, ইদি, সেদরা, অবাঃ, আগির, আজম, আড়ার'। অ^{২}-এর কথিত বুলি 'সাসাংআআআঃ, সাসারঃইঃ, কিচরিঃগেদাঃ, ওনাঃসেঃ, অনাটাঃ, আজাঃ, অচঃ, কঠাঅড়াঃ' প্রভৃতি শব্দগুচ্ছে বিসর্গ সঘোষঃ ধ্বনি লুপ্ত হয়ে স^{২}-এর কথা হ'ল গিয়ে 'সাসাংআআআ, সাসারই, কিচরিগেদা, ওনাসে, অনাটা, আজা, অচ, কঠাঅড়া'। অ^{২}-এর মুখে 'ইনদেই, লানদা, বানডোল, ওনডে, হানতে, মুনদাম' শব্দগুচ্ছে নাসিক্যধ্বনি উঠে গিয়ে পূর্ববর্তী, স্বরধ্বনিকে আনুনাসিক করছে স^{২}-তে বোলছে 'ইঁদেই, লাঁদা, বাঁডোল, ওঁডে, হাঁতে, মুঁদাম'। অ^{২}-এর মুখে 'হোলাৎ, জোটেৎ, চেৎ, সাঁগাৎ, অকাস্যাৎ, আট্যাৎ, কুসুৎ, জিৎকৌর, জিরিৎ, আৎ' প্রভৃতি শব্দতে ৎ-ব্যঞ্জনধ্বনির মহাপ্রাণতা হারিয়ে স^{২}-তে বোলছে 'হোলাত্, জোটেত্, চেত্, সাঁগাত্, অকাস্যাত্, আট্যাত্, কুসুত্, জিত্, কৌর, জিরিত্, আত্'। অ^{২}-এর মুখে 'চাউল, চেলেকা, চেদা, আমচের, দিচ্, পদগচ্, মচা, চাপাৎ, চাগাৎ, চাট, চাতম্' শব্দগুচ্ছে তালব্য চ-ব্যঞ্জনধ্বনির দন্ত্য স-ব্যঞ্জনে চলে এসে স^{২}-এর মুখের কথা হচ্ছে 'সাউল, সেলেকা, সেদা, আমসের, দিস্, পদগস্, মসা, সাপাৎ, সাগাৎ, সাট, সাতম'। অ^{২}-বাচকগোষ্ঠীর 'ঠিলিখন, ইনঠাই, আঘান, পাঝাও, কানঠাড়, আখির, এ্যাভ্যান, কাথাচ, কুঠঔ' প্রভৃতি শব্দতে মহাপ্রাণ ধ্বনির মহাপ্রাণহীন হয়ে স^{২}-এর বুলি হল, 'টিলিখন, ইনটাই, আগান, পাজাও, কানটাড়, আকির, এ্যাবান, কাডাচ, কুটঔ'। অ^{২}-এর 'হেনাপেআ, হোরএনা, হেজাকানা, হাতাওমে, ওকাহর্তে, হানাপুরি, কোরাহোপোন্, হান্হার হপহ, হরাসি, হাল্লাক' শব্দাবলীর শ্বাসাঘাতহেতু কণ্ঠ্যনালীয় উষ্ম ঘোষবৎ, হ-ব্যঞ্জনধ্বনি দুর্বল হয়ে লোপ পেয়ে যাচ্ছে স^{২}-এ 'এনাপেআ, ওরএনা, এজাকানা, আতাওমে, ওকাঅর্তে, আনাপুরি, কোরাওপোন্, আনআর, অপঅ, অরাসি, আল্লাক'। অ^{২}-এর 'আগুকেদাম্, তিসপে, তারাসিন্, চুলুম, গোতোম, ইসকির, হারকেত্' শব্দতে দুটি বিষম ব্যঞ্জনধ্বনি সমরূপত্ব; লাভ করে সমীভূত হয়ে স^{২}-বোলছে 'আগুগেদাম্, তিত্পে, তাতাসিন্, চুলুল, গোতোত্, ইরকির, হাত্কেত্'। অ^{২}-এর মুখে 'নুনুআমে, এমাইমে, কুকলি, বকত্ তেৎ, কাক্রাৎ, কাস্কম্, গ্যাগ্যার, চিকিচ, ছিতিরবিতির' শব্দগুচ্ছে দুটি সমব্যঞ্জনধ্বনির একটির রূপান্তর ঘটিয়ে স্বাভাভিকভাবেই স^{২}-এ বোলতে শুনেছি 'সুনুআমে, এনাইমে, কুগলি, বকর্তেৎ, কাগরাৎ, কাস্গম, গ্যাকার, চিকিস্, ছিতিরবিদির'। অ^{২}-এর 'সেরা, রেন, রেম, রে, র‍্যাঁদা, র‍্যাচ, র‍্যাডাৎ, রাটরট, রবট্, রহর' শব্দতে র-ব্যঞ্জনধ্বনির অল্পপ্রাণ ঘোষবৎ দন্ত্য অন্তঃস্থ ল-ব্যঞ্জনধ্বনিতে এসে স^{২}-এ বোলছে 'সেলা, লেন, লেম, লে, ল্যাঁদা, ল্যাচ, ল্যাডাৎ, রাটলট, লবট্ রহল'। অ^{২}-এর 'আলম্, কলে, উলদারে, লেস, লাগাআ, কাটিচুলম' শব্দগুচ্ছে অঘোষীভূত হয়ে স^{২}-এর মুখে হল গিয়ে 'আনম্, কনে, উনদারে, নেস্, নাগাআ,

কাটিচুনুম'। অ^{২}-এর 'নেনা, নাই, চেতান্‌রে, তাবেন, নানহা' প্রভৃতি শব্দগুচ্ছে ন-কারের লকারীভবন হয়ে যাচ্ছে স^{২}-এ 'লেনা, লাই, চেতালরে, তাবেল, নালহা'। অ^{২}-এর 'বেংজা, আতিইং, হিরিং, আকিরিং, মারাং, ঝাংগা, ঠেংগা, অরং, গালাং, এ্যাতাং, ওডোং' শব্দতে অঘোষ মহাপ্রাণ অনুনাসিক অযোগবাহ ং-ব্যঞ্জনধ্বনি ঘোষ ওষ্ঠা নাসিকা ম-ব্যঞ্জনধ্বনি হয়ে উঠছে 'বেমেজা, আতিইম, হিরিম্‌, আকিরিম্‌, মারাম্‌, ঝাম্‌গা, ঠেম্‌গা, অরম্‌, গালাম্‌, এ্যাতাম্‌, ওডোম্‌'। অ^{২}-এর 'বারাং, এলাং, কিরিং, গনংতে, আটেং, বিইং, কাটিচুলুং, অং, গনং' শব্দতে অনুনাসিক ং-ব্যঞ্জনধ্বনি নাসিক্য মহাপ্রাণ ন-ব্যঞ্জনেরই ধ্বনির্‌ই অবস্থাভেদ মাত্র আর স^{২}-তে রূপ হল গিয়ে 'বারান্‌, এলান্‌, কিরিন্‌, গনন্‌তে, আটেন্‌, বিইন্‌, কাটিচুলুন, অন্‌, গনন্‌'। অ^{২}-এর 'হারুরাঙ, ইঙ, সেঙ্‌গেল্‌, তেঙ্‌গোন্‌, মাআঙ্‌, সুঁআড়িঙ্‌' প্রভৃতি শব্দগুচ্ছে কণ্ঠ্যনাসিকা ঙ-ব্যঞ্জনধ্বনি ঘোষ ওষ্ঠ্যা ম-নাসিক্যধ্বনিতে স^{২}-এ বোলছে 'হারুরাম্‌, ইম্‌, সেমগেল, তেমগোন, মাআম, সুঁআড়িম'। অ^{২}-এর 'ইঙা, চেঙগা, সেঙগিন, বানুঙ, কাঙ্‌কর, খড়ঙ, খুঙগি, গোঙগা, জঙগা' শব্দতে কণ্ঠ্যনাসিক্য ঙ-ব্যঞ্জনধ্বনি নাসিকা মহাপ্রাণ দন্ত্য ন-ব্যঞ্জনধ্বনি হয়ে উঠেছে স^{২}-এ 'ইনা, চেনগা, সেনগিন, বানুন্‌, কান্‌কর্‌, খড়ন্‌, খুনগি, গোন্‌গা, জন্‌ঘা'। অ^{১}-এর 'ওকাৎমে, নিৎগি, মিত, গিতরা, চেতই, কাতা, কাৎরাহি' শব্দতে অল্পপ্রাণ অঘোষদন্ত্য স্পর্ষ ত-ব্যঞ্জনধ্বনি ঘোষীভবন প্রক্রিয়ায় অল্পপ্রাণ ঘোষবৎ দন্ত্য দ-ব্যঞ্জনধ্বনিতে সরে এসে স^{২}-তে বোলতে শুনেছি 'ওকাদমে, নিদ্‌গি, মিদ্‌, গিদরা, চেদই, কাদা, কাদরাহি'। অ^{২}-এর 'দাহারি, মুরহুদ্‌, বাদ্‌, দেহার, লাদম্‌, উদ্‌গৌর, আদও্‌আচাওলে, গিদরৌ' শব্দতে দ-ব্যঞ্জনধ্বনির অঘোষীভবন প্রক্রিয়ায় সঘোষ ত-ব্যঞ্জনে এসে স^{২}-এ বোলছে 'তাহারি, মুরহুত্‌, বাত্‌, তেহার, লাতম্‌, উত্‌ গৌর, আত্‌ও্‌আচাওলে, গিতরৌ'। অ^{২}-এর 'পাসি, গাপা, তারূপ, বাপ্‌লা, আপেদা, আমেপ, চামপাবাহা চুপুৎ, আকাপ-সাকাপ' শব্দগিচ্ছে অঘোষ অল্পপ্রাণ উষ্ঠ্য প-ব্যঞ্জনধ্বনি সঘোষ অল্পপ্রাণ ঘোষবৎ দন্তোষ্ঠ্য অন্তসস্থ ব-ব্যঞ্জনধ্বনিকে জায়গা করে দিয়ে স^{২}-এর বুলি হয়ে গেল 'বাসি, গাবা, তারূব্‌। বাব্‌লা, আবেদা, আমেবে, চামবাবাহা, চুবুৎ, আকাব্‌-সাকাব্‌'। অ^{২}-এর 'বাপলা, ডিবৌ, রাকাব্‌, গাবহা, আরুব, বাপান, গাবে, গাবান, কাটরাব্‌' শব্দগুচ্ছ প-ব্যঞ্জন ব-ব্যঞ্জনকে সরিয়ে দিয়ে স্বাভাবিকভাবেই স^{২}-এর বুলি হয়ে যাচ্ছে 'পাপলা, ডিপৌ, রাকাপ্‌, গাপহা, আরুপ, পাপান, গাপে, গাপান, কাটরাপ'। অ^{২}-এর বুলি 'কিলোকাতে, আকাদা, সিক্‌রি, মেনেক্‌দা, হিজুক্‌মে, তিনাক্‌তেম, কুক্‌মো, কাক্‌রাত, কুক্‌লি' শব্দগুচ্ছে অঘোষ অল্পপ্রাণ ক-ব্যঞ্জনধ্বনি ঘোষবৎ হয়ে জিহ্বামূলীয় অল্পপ্রাণ গ-ব্যঞ্জনধ্বনিতে এসে স^{২}-এ বোলতে সশুনেছি 'কিলোগাতে, আগাদা, সিগ্‌রি, মেনেগ্‌দা, হিজুগমে, তিনাগ্‌তেম, কুগ্‌মো, কাগরাত, কুগ্‌লি'। অ^{২}-এর বলা 'গাল্‌মারাও, কুগলি, বানুগ্‌ইআ, ভেগ্‌আর, রাগ্‌ই, চাগ্‌আৎ, চগ্‌আ, জাঁগ্‌লাও' শব্দগুচ্ছে সঘোষ অল্পপ্রাণ গ-ব্যঞ্জনধ্বনি অঘোষীভবন হয়ে অঘোষ অল্পপ্রাণ ক-ব্যঞ্জনধ্বনিতে পরিবর্তন হয়ে স^{২}-এ বোলছে 'কাল্‌মারাও, কুকলি, বানুক্‌ইআ, ভেক্‌আর, রাক্‌ই, চাক্‌আৎ, চক্‌আ, জাক্‌লাও'। অ^{২}-এর 'লেবেট্‌, পাটিআ, রটে, চটক্‌, কুটইয়া, কট্‌না, চাট' প্রভৃতি শব্দগুচ্ছে ট-ব্যঞ্জন ড-ব্যঞ্জনে এসে স^{২}-এর উচ্চারিত বুলি হছে 'লেবেড্‌, পাডিআ, রডে, চডক্‌, কুডইআ, কড়না, চাড'। অ^{২}-এর 'নোড্‌এ, কাড্‌ই, কুডঔম্‌, ক্যাড্‌রং, খ্যাঁলড, গাডা, গ্যাড্যা, গোডেৎ' প্রভৃতি শব্দাবলীতে সঘোষ ড-ব্যঞ্জনধ্বনিকে অঘোষীভূত করে অঘোষ ট-ব্যঞ্জনধ্বনিকে ঠেলে দিয়ে জায়গা করে নিয়ে স^{২}-তে বোলছে 'নোট্‌এ, কাট্‌ই, কুটঔম, ক্যাটরং, ঘ্যাঁলট, গাটা, গ্যাট্যা, গোটেৎ। অ^{২}-এর 'গোটাতে, রমিটেন, কেটেআ, কাটিচুলুম, মিটহর, কটা, চাট্‌, চরচ্‌টড, চ্যাট্যার' অল্পপ্রাণ, সঘোষ মূর্ধন্য ট-ব্যঞ্জনধ্বনিকে অঘোষ দন্ত্য স্পর্শ ত-ব্যঞ্জনধ্বনি সরিয়ে দিয়ে উচ্চারিত হচ্ছে স^{২}-এ 'গোতাতে, রমিতেন, কেতেআ, কাতিচুলুম, মিত্‌ হর, কতা, চাৎ, চরচ্‌তক্‌, চ্যাত্যার'। অ^{২}-এর 'কারাত, কাতে, তিস, মেতাঅ্‌, আঅম্‌তে, বতর, কাত্‌ই, জতরাও, ক্যাতলা' শব্দগুচ্ছে অল্পপ্রাণ ত-ব্যঞ্জনধ্বনি স্বতোমূর্ধন্যীভবনের প্রভাবে অল্পপ্রাণ ট-ব্যঞ্জনধ্বনিতে এসে স^{২}-তে বোলছে 'কারাট, কাটে, টিস্‌, মেটাঅ, আঅম্‌টে, বটর, কাটই, জাটরাও, ক্যাটলা'। অ^{২}-বাচকগোষ্ঠীর মুখের ভাষায় 'মোদ্‌দেক, নোনকা, কোটটাসি, গারাল্‌গারাল্‌, গুগু, গুরগু, কুকুট, গগ্‌জিচ্‌, চুরুচ্‌' শব্দাবলীতে সমধ্বনির একটি লুপ্ত হয়ে সমাক্ষর লোপের প্রভাবে স^{২}-এর উচ্চারিত ধ্বনি হল গিয়ে 'মোদেক, নোকা, কাটাসি, গারালগারা, গুউ, গুর্‌, কুট, গাজিচ্‌, চুরু'। অ^{২}-এর 'বিনই, কিরইনতিবি, তাল্‌ইস্‌, চেচইত, উগউল' প্রভৃতি

শব্দগুচ্ছে অপিনিহিতি ই-কার বা উ-কার পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে মিলিত হয়ে একপ্রকার আভ্যন্তর সন্ধি করে স^{২}-এর মুখে হয়ে যাচ্ছে 'বিনি, কিরিনতিরি, তালিস, চেচিত, উগুল'। অ^{২}-বাচকগোষ্ঠীর মুখের কথায়, 'তিনাক, হিসাব, তেআগ, হজগ, বেলাক, এআগ, ইঙাক, বিতাউ, সিহাই, সিরমা, নওআ, কাতেগে, দুসি, তালাঙ, বেআক' প্রভৃতি শব্দগুচ্ছ ব্যাপক স্বরসংগতি প্রক্রিয়ায় রাঢ়ীয় উপভাষায় ঔপভাষিক প্রয়োগের ফলে স^{২}-সদস্যরা বলতে থাকে 'তিনাক্, হিসেব, তিআগ, হজোগ্, সিহেই, বিলাক, ইআগ, ইঙেক, বিতেউ, সিহেই, সেরমা, নোওআ, কেতেগে, দোসি, তালোঙ, বিআক্'। স্বরসঙ্গতি চঞ্চল্য রাঢ়ীয় উপভাষায় ঔপভাষিক মিশ্রণের একটি অন্যতম বৈশিষ্ট্য বলা যেতে পারে।

আমরা পঁয়তাল্লিশ থেকে পঞ্চান্নর মধ্যে নিরক্ষর বাচক গোষ্ঠীর মুখের ভাষা সংগ্রহ করতে অচল ও সচল ভেদে দুটি ভাগে ভাগ করেছি। নিরক্ষর বাচকগোষ্ঠীদের নিয়ে ঔপভাষিক মিশ্রণের সমীক্ষায় এগোবে। এ বয়সের সাঁওতাল উপজাতি বাচকগোষ্ঠীর মুখের ভাষায় এখানকার পূর্বরাঢ়ীয় সর্বজন চলিত কথ্য ভাষার ছাপ পড়েছে। এঁদের মৌখিক ভাষায় পরিবর্তন বিশেষভাবে লক্ষণীয় অর্থাৎ যথেষ্ট বর্তমান। প্রায় পঁচিশ শতাংশ থেকে চল্লিশ শতাংশ। এই বাচকগোষ্ঠীদের পঁচাত্তর জন করে সদস্যদের মুখের ভাষা নিয়ে সমীক্ষা করলাম অচল ও সচল ভেদে। এঁদের মৌখিক ভাষায় পশ্চিমবঙ্গীয় পূর্বরাঢ়ীয় উপভাষার প্রভাবের ক্রমিক বৃদ্ধির মাত্রা নিরূপণে সমীক্ষা চালাবো। অচল ও সচল ভেদে অচল ও সচলদের 'অ^{৩}' ও 'স^{৩}' রূপে সংক্ষেপে লিখলাম।

